দৈনিক ইনকিলাব

৩০১

তারিখ ... AUG. 23 1999
পৃষ্ঠা ১ কলাম ১

# ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল সাধারণ সম্পাদক মামুনকে অমানুষিক নির্যাতন করে গ্রেফতার

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** গতকাল (রবিবার) হরতাল চলাকালে পুলিশ শাহবাগ এলাকা থেকে জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ সম্পাদক মুস্তাফিজুল ইসলাম মামুনকে গ্রেফতার করে। গতকাল দুপুর সাড়ে ১২টার দিকে মামুন তার বাসা থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আসছিলেন। এ সময় শাহবাগ এলাকায় কয়েকটি বোমা বিস্ফোরিত হলে রমনা থানার ওসি রফিকের নেতৃত্বে পুলিশ মামুনকে গ্রেফতার করতে উদ্যত হয়। মামুন আত্মরক্ষার্থে দৌড়ে

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## ছাত্রদল সাধারণ সম্পাদক

প্রথম পৃষ্ঠার পর

শাহবাগ মোড়ে হোটেল সিলভানার বাথরুমে ঢুকে পড়লে ওসি রফিক বাথরুমের দরজা ভেঙ্গে তাকে গ্রেফতার করেন। এ সময় পুলিশ তার উপর লাঠিপেটাসহ অমানুষিক শারীরিক নির্যাতন করে। পরে পুলিশ তাকে গুরুতর আহতাবস্থায় থানায় নিয়ে যায়। এছাড়াও হরতাল চলাকালে পুলিশ বিভিন্ন স্থানে ছাত্রদলের মিছিল ও সমাবেশে বাধা প্রদান করে।